

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ে গঠিত ইনোভেশন টিমের ডিসেম্বর ২০১৬ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	জনাব মোঃ ফিরোজ সালাহ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ	ঃ	২৯.১২.২০১৬ খ্রিস্টাব্দ।
সময়	ঃ	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	ঃ	সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৪)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার কে আহ্বান করেন। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে ইনোভেশন টিমের সভা করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। এরই ধারাবাহিকতায় ইনোভেশন টিমের আজকের সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে উপস্থিত ছিলেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	চট্টগ্রাম পাহাড়তলীতে অবস্থিত রেলওয়ে জাদুঘরটি আরও উন্নত (update) করার এবং ঢাকার কমলাপুরে নতুন রেলওয়ে জাদুঘর স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	চট্টগ্রাম পাহাড়তলীতে অবস্থিত রেলওয়ে জাদুঘরটি আরও উন্নত (update) করা এবং ঢাকার কমলাপুরে নতুন রেলওয়ে জাদুঘর স্থাপন করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
০২	স্টেশনে Train স্থির থাকা অবস্থায় ট্রেনের টয়লেট ব্যবহার না করার জন্য যাত্রীদের পরামর্শ দিলেও তা প্রতিপালন হচ্ছে না। স্টেশনে অবস্থানরত অবস্থায় টয়লেট ব্যবহার করলেও যাতে ময়লা মাটিতে না পড়ে সে বিষয়ে টয়লেটগুলিতে নতুন সরল প্রযুক্তি ব্যবহার করে টয়লেট ব্যবহার উন্নয়ন বিষয়ে আলোচনা হয়।	রেলওয়ের টয়লেটগুলো স্থানীয় সরল প্রযুক্তি ব্যবহার করে উন্নত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে
০৩	রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে স্বল্পব্যয়ে AC-র ব্যবস্থা করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গ্রামীণ AC পদ্ধতি ব্যবহার করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করা হয়।	বাংলাদেশ রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে AC/গ্রামীণ AC ব্যবহার করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে

০৪ /	যাত্রীগণ যাতে আরো সুন্দর/সহজভাবে ট্রেনে উঠতে ও নামতে পারে সেজন্য বাংলাদেশ রেলওয়ের বগিগুলো আরো সুন্দরভাবে বিন্যাস (Alignment) করার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান, বর্তমানেও বগি বিন্যাস (Alignment) করা হয়। আরো সহজ ও আধুনিক পদ্ধতিতে সাজানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন।	নতুন করে ট্রেনের বগি বিন্যাস (Alignment) করার বিষয়ে সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে একটি power point presentation দিবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে
------	---	--	--

৪। গৃহীত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি ডিজি, বিআর ও সংশ্লিষ্টদেরকে নির্দেশ দেন।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ ফিরোজ সালাহ উদ্দিন)
 সচিব, রেলপথ মন্ত্রণালয়,
 রেলভবন, ঢাকা